গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ভবন নং-৯ (ক্লিনিক ভবন)
(৩য় ও ৪র্থ তলা)
ঢাকা।

সংবাদপত্রের নাম : বণিক বার্তা
প্রকাশনার স্থান :
তারিখ : 20 MAY 2019

সংবাদ
সম্পাদকীয়
প্রবন্ধ
চিঠিপত্র

২০৩০ নাগাদ বিশ্বের ২৮তম বৃহৎ অর্থনীতির দেশ হবে বাংলাদেশ

বণিক বার্তা ডেস্ক ■

পাবলিক সেক্টরের প্রতিষ্ঠানগুলোয় উন্নত পারফরম্যান্স ব্যবস্থাপনা চালুর মাধ্যমে উৎপাদনশীলতা বাড়িয়ে বাংলাদেশ বর্তমানে বিশ্বসম্প্রদায়ের কাছে উন্নয়নের মিরাকল হিসেবে পরিচিতি পেয়েছে। বাংলাদেশ বর্তমানে বিশ্বের শীর্ষ ১০টি দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধির দেশের তালিকায় অন্যতম দেশ হিসেবে আত্মপ্রকাশ করেছে। ক্রয়ক্ষমতা বিবেচনায় বাংলাদেশ বর্তমানে বিশ্বের ৩২তম বৃহৎ অর্থনীতির দেশ। ২০৩০ সালের মধ্যে এ দেশ বিশ্বের ২৮তম এবং ২০৫০ সাল নাগাদ ২৩তম বৃহৎ অর্থনীতির রাষ্ট্র হিসেবে স্থান দখল করবে।

গতকাল রাজধানীর একটি হোটেলে অনুষ্ঠিত 'অ্যাডভান্সড পারফরম্যান্স ম্যানেজমেন্ট ফর মডার্ন পাবলিক অর্গানাইজেশন' শীর্ষক আন্তর্জাতিক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা এ কথা বলেন। গতকাল এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন-ন্যাশনাল প্রডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও) ও জাপানভিত্তিক এশিয়ান প্রডাক্টিভিটি অর্গানাইজেশন (এপিও) যৌথভাবে পাঁচ দিনব্যাপী এ কর্মশালার আয়োজন করে। শিল্প সচিব মো. আবদুল হালিম এতে প্রধান অতিথি ছিলেন। শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বেগম পরাগের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ন্যাশনাল প্রডাক্টিভিটি অর্গানাইজেশনের পরিচালক এসএম আশরাফুজ্জামান ও এশিয়ান প্রডাক্টিভিটি অর্গানাইজেশনের শিল্পবিষয়ক প্রোগ্রাম অফিসার হোসে এলভিনিয়া।

প্রধান অতিথির বক্তব্যে শিল্প সচিব বলেন, সরকারি প্রতিষ্ঠানগুলোয় সুশাসন নিশ্চিত করার মাধ্যমে উৎপাদনশীলতা বাড়িয়ে রূপকল্প ২০২১-এর সফল বাস্তবায়ন সম্ভব।

সরকারি উন্নয়ন কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে বাংলাদেশ সরকার মধ্যবর্তী বাজেট কাঠামো চালু করেছে উল্লেখ করে শিল্প সচিব বলেন, এতে মন্ত্রণালয় ও বিভাগগুলোর আর্থিক কর্মকাণ্ডে গতি এসেছে। এ উদ্যোগের মাধ্যমে বার্ষিক উন্নয়ন কর্মসূচির পারফরম্যান্স মূল্যায়নের সুযোগ তৈরি হয়েছে। ফলে নির্ধারিত অর্থবছরে সরকার গৃহীত উন্নয়ন কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য তদারকি জোরদারের পথ সুগম হয়েছে।

পাঁচ দিনব্যাপী এ কর্মশালায় চীন, ফিজি, ভারত, ইরান, মঙ্গোলিয়া, নেপাল, ফিলিপাইন, শ্রীলংকা, থাইল্যান্ড, ভিয়েতনাম, স্বাগতিক বাংলাদেশসহ এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ১১টি দেশের ২১ জন প্রশিক্ষণার্থী এবং বেলজিয়াম, মঙ্গোলিয়া, কোরিয়া ও বাংলাদেশের চারজন উৎপাদনশীলতা বিশেষজ্ঞ অংশ নিচ্ছেন।

অংশগ্রহণকারী দেশগুলোর সরকারি খাতের প্রতিষ্ঠানে বিদ্যমান পারফরম্যান্স ব্যবস্থাপনা পদ্ধতি নিয়ে আলোচনার পাশাপাশি এসব প্রতিষ্ঠানে আধুনিক ও উন্নত পারফরম্যান্স ব্যবস্থাপনা চালুর কৌশল নির্ধারণ করা হবে। এতে অংশগ্রহণকারী দেশগুলোর সরকারি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার উন্নয়ন এবং পারফরম্যান্স জোরদারের মাধ্যমে আর্থসামাজিক অগ্রগতির লক্ষ্য অর্জন সম্ভব হবে বলে বলে আশা করা হচ্ছে।

M. Aminul
Website News

সংবাদপত্রের নাম : আলোকিত বাংলাদেশ
প্রকাশনার স্থান : ঢাকা।
তারিখ : 20 MAY 2019

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ভবন নং-৯ (ক্লিনিক ভবন)
(৩য় ও ৪র্থ তলা)
ঢাকা।

সংবাদ
সম্পাদকীয়
প্রবন্ধ
চিঠিপত্র

কর্মশালায় বক্তারা

উৎপাদনশীলতা বাড়াতে সরকারি প্রতিষ্ঠানে সুশাসন নিশ্চিত করতে হবে

নিজস্ব প্রতিবেদক

পাবলিক সেক্টরের প্রতিষ্ঠানগুলোয় উন্নত পারফরম্যান্স ব্যবস্থাপনা চালুর মাধ্যমে উৎপাদনশীলতা বাড়িয়ে বাংলাদেশ বর্তমানে বিশ্ব সম্প্রদায়ের কাছে উন্নয়নের মিরাকল হিসেবে পরিচিতি পেয়েছে। বাংলাদেশ বর্তমানে বিশ্বের শীর্ষ ১০টি দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধির দেশের তালিকায় অন্যতম রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করেছে। ক্রয় ক্ষমতার বিবেচনায় বাংলাদেশ বর্তমানে বিশ্বের ৩২তম বৃহৎ অর্থনীতির দেশ হলেও ২০৩০ সালের মধ্যে এ দেশ বিশ্বের ২৮তম এবং ২০৫০ সাল নাগাদ ২৩তম বৃহৎ অর্থনীতির রাষ্ট্র হিসেবে স্থান দখল করবে।

রোববার রাজধানীর একটি হোটেলে অনুষ্ঠিত 'আধুনিক পাবলিক সেক্টর প্রতিষ্ঠানের জন্য উন্নত কর্মক্ষমতা ব্যবস্থাপনা' শীর্ষক আন্তর্জাতিক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা এ কথা বলেন। শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এবং জাপানভিত্তিক এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) যৌথভাবে পাঁচ দিনব্যাপী এ কর্মশালার আয়োজন করে। শিল্পসচিব মো. আবদুল হালিম এতে প্রধান অতিথি ছিলেন।

শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বেগম পরাগের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের পরিচালক এসএম আশরাফুজ্জামান এবং এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের শিল্পবিষয়ক প্রোগ্রাম অফিসার জোসে এলভিনিয়া বক্তব্য রাখেন।

প্রধান অতিথির বক্তব্যে শিল্প সচিব বলেন, সরকারি প্রতিষ্ঠানগুলোয় সুশাসন নিশ্চিত করার মাধ্যমে উৎপাদনশীলতা বাড়িয়ে রূপকল্প-২০২১ এর সফল বাস্তবায়ন সম্ভব। পাবলিক সেক্টরের প্রতিষ্ঠানগুলোর কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা এবং রাষ্ট্রীয় সম্পদের

যথাযথ ব্যবহারের মাধ্যমে বর্তমান সরকার এরই মধ্যে শিল্পায়ন ও অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের কৌশল গ্রহণ করেছে। এক্ষেত্রে প্রধানমন্ত্রীর কার্যালয় অগ্রগামী ভূমিকা পালন করছে। বিভিন্ন মন্ত্রণালয়ের সঙ্গে মন্ত্রিপরিষদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং মন্ত্রণালয়গুলোর সঙ্গে অধিনস্ত দপ্তর ও সংস্থার চুক্তি স্বাক্ষরের মাধ্যমে ধারাবাহিকভাবে উন্নয়ন লক্ষ্য অর্জনের পথে বাংলাদেশ দ্রুত এগিয়ে যাচ্ছে বলে তিনি উল্লেখ করেন।

উল্লেখ্য, পাঁচ দিনব্যাপী এ কর্মশালায় চীন, ফিজি, ভারত, ইরান, মঙ্গোলিয়া, নেপাল, ফিলিপাইন, শ্রীলঙ্কা, থাইল্যান্ড, ভিয়েতনাম এবং স্বাগতিক বাংলাদেশসহ এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ১১টি দেশের ২১ জন প্রশিক্ষণার্থী এবং বেলজিয়াম, মঙ্গোলিয়া, কোরিয়া ও বাংলাদেশের চারজন উৎপাদনশীলতা বিশেষজ্ঞ অংশ নিচ্ছেন।

সংবাদপত্রের নাম : দৈনিক ইনকিলাব

প্রকাশনার স্থান : ঢাকা।

তারিখ : 20 MAY 2019

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর

বাংলাদেশ সচিবালয়

ভবন নং-৯ (ক্লিনিক ভবন)

(৩য় ও ৪র্থ তলা)

ঢাকা।

তথ্য অধিদফতর PID বাংলাদেশ

সংবাদ

সম্পাদকীয়

প্রবন্ধ

চিঠিপত্র

উৎপাদনশীলতা বৃদ্ধির উদ্যোগ

পাবলিক সেক্টর

অর্থনৈতিক রিপোর্টার : পাবলিক সেক্টরের প্রতিষ্ঠানগুলোতে উন্নত পারফরমেন্স ব্যবস্থাপনা চালুর মাধ্যমে উৎপাদনশীলতা বাড়িয়ে বাংলাদেশ বর্তমানে বিশ্ব সম্প্রদায়ের কাছে উন্নয়নের মিরাকল হিসেবে পরিচিতি পেয়েছে। বাংলাদেশ বর্তমানে বিশ্বের শীর্ষ ১০টি দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধির দেশের তালিকায় অন্যতম রাষ্ট্র হিসেবে আত্মপ্রকাশ করেছে। ক্রয় ক্ষমতার বিবেচনায় বাংলাদেশ বর্তমানে বিশ্বের ৩২তম বৃহৎ অর্থনীতির দেশ হলেও ২০৩০ সালের মধ্যে এ দেশ বিশ্বের ২৮তম এবং ২০৫০ সাল নাগাদ ২৩তম বৃহৎ অর্থনীতির রাষ্ট্র হিসেবে স্থান দখল করবে।

গতকাল রোববার রাজধানীর একটি হোটেলে অনুষ্ঠিত 'আধুনিক পাবলিক সেক্টর প্রতিষ্ঠানের জন্য উন্নত কর্মক্ষমতা ব্যবস্থাপনা' শীর্ষক আন্তর্জাতিক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা এ কথা বলেন। শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এবং জাপানভিত্তিক এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এপিও) যৌথভাবে পাঁচ দিনব্যাপী এ কর্মশালার আয়োজন করে। শিল্পসচিব মো. আবদুল হালিম এতে প্রধান অতিথি ছিলেন। শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বেগম পরাগের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যদের মধ্যে ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের পরিচালক এস এম আশরাফুজ্জামান এবং এশিয়ান প্রোডাকটিভিটি অর্গানাইজেশনের শিল্পবিষয়ক প্রোগ্রাম অফিসার জোসে এলভিনিয়া বক্তব্য রাখেন।

প্রধান অতিথির বক্তব্যে শিল্প সচিব বলেন, সরকারি প্রতিষ্ঠানগুলোতে সুশাসন নিশ্চিত করার মাধ্যমে উৎপাদনশীলতা বাড়িয়ে রূপকল্প ২০২১ এর সফল বাস্তবায়ন সম্ভব। পাবলিক সেক্টরের প্রতিষ্ঠানগুলোর কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহি এবং রাষ্ট্রীয় সম্পদের যথাযথ ব্যবহারের মাধ্যমে বর্তমান সরকার ইতোমধ্যে শিল্পায়ন ও অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের কৌশল গ্রহণ করেছে। এক্ষেত্রে প্রধানমন্ত্রীর কার্যালয় অগ্রগামী ভূমিকা পালন করছে। বিভিন্ন মন্ত্রণালয়ের সাথে মন্ত্রিপরিষদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং মন্ত্রণালয়গুলোর সাথে অধিনস্ত দপ্তর ও সংস্থার চুক্তি স্বাক্ষরের মাধ্যমে ধারাবাহিকভাবে উন্নয়ন লক্ষ্য অর্জনের পথে বাংলাদেশ দ্রুত এগিয়ে যাচ্ছে বলে তিনি উল্লেখ করেন।

সরকারি উন্নয়ন কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে বাংলাদেশ সরকার মধ্যবর্তী বাজেট কাঠামো চালু করেছে উল্লেখ করে শিল্পসচিব বলেন, এর ফলে মন্ত্রণালয় এবং বিভাগগুলোর আর্থিক কর্মকাণ্ডে গতিশীলতা এসেছে। এ উদ্যোগের মাধ্যমে বার্ষিক উন্নয়ন কর্মসূচির পারফরমেন্স মূল্যায়নের সুযোগ তৈরি হয়েছে। এতে করে নির্ধারিত অর্থবছরে সরকার গৃহিত উন্নয়ন কর্মসূচির সফল বাস্তবায়নের জন্য তদারকি জোরদারে পথ সুগম হয়েছে। এ ধরণের মধ্যবর্তী বাজেট কাঠামো কর্মশালায় অংশগ্রহণকারী দেশগুলোর পাবলিক সেক্টর ব্যবস্থাপনায় গতিশীলতা আনতে সহায়তা করবে বলে তিনি মন্তব্য করেন।

উল্লেখ্য, পাঁচ দিনব্যাপী এ কর্মশালায় চীন, ফিজি, ভারত, ইরান, মঙ্গোলিয়া, নেপাল, ফিলিপাইন, শ্রীলংকা, থাইল্যান্ড, ভিয়েতনাম এবং স্বাগতিক বাংলাদেশসহ এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ১১টি দেশের ২১ জন প্রশিক্ষণার্থী এবং বেলজিয়াম, মঙ্গোলিয়া, কোরিয়া ও বাংলাদেশের ৪ জন উৎপাদনশীলতা বিশেষজ্ঞ অংশ নিচ্ছেন। এতে অংশগ্রহণকারী দেশগুলোর পাবলিক সেক্টরের প্রতিষ্ঠানে বিদ্যমান পারফরমেন্স ব্যবস্থাপনা পদ্ধতি নিয়ে আলোচনার পাশাপাশি এসব প্রতিষ্ঠানে আধুনিক ও উন্নত পারফরমেন্স ব্যবস্থাপনা চালুর কৌশল নির্ধারণ করা হবে।

recover from his ailment. March 2019 against Tk. 2.63 for January-March 2018.

Workshop on advanced performance management for modem public-sector organizations

A Five Days training program from 19-23 May 2019 on Workshop on Advanced Performance Management for Modem Public-sector Organizations has inaugurated today 19 May 2019 in FARS Hotel & Resorts, Dhaka which is jointly organized by National Productivity Organisation (NPO) and Asian Productivity Organization (APO). 21 delegates from Republic of China, Fiji, India, Islamic Republic of Iran, Mongoli, Nepal, Philippines, Sri Lanka, Thailand, Vietnam and host Bangladesh are taking part in this program. Mr. Md. Abdul Halim, Secretary, Ministry of Industries was present as Chief Guest in the inaugural session. Ms. Parag, Additional Secretary, Ministry of Industries chaired the inaugural session. Mr. S. M. Ashrafuzzaman, Director (Joint Secretary), NPO has given his welcome remarks. Dr. Jose Elvinia, Program Officer, Asian Productivity Organization (APO), Japan to give his valuable statement on behalf of APO Secretary General.

Press Release